# পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ

## পি-৩, সি.আই.টি স্কীম, ৭ এম,
## কাঁকুরগাছি, কলকাতা-৭০০ ০৫৪

### বিজ্ঞপ্তি

**১) আইনানুগ দেয় চাঁদা :** (ষান্মাষিক) ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড অ্যাক্ট, ১৯৭৪ অনুযায়ী পশ্চিমবঙ্গে অবস্থিত যাবতীয় ফ্যাক্টরী, বাণিজ্যিক সংস্থা, বাণিজ্য ও মোটর ট্রান্সপোর্ট সংস্থা, সিনেমা হল ও বিনোদন সংস্থাগুলির মালিকগণের প্রতি বৎসরের ১৫ই জানুয়ারি ও ১৫ই জুলাই তারিখের মধ্যে দেয় বিধিবদ্ধ ষান্মাষিক চাঁদা বিধিমত জমা দেওয়া আবশ্যক। নগদে অথবা মানি অর্ডার/চেক/ডিমান্ড ড্রাফট মারফত পর্ষদের অফিসে নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়েলফেয়ার কমিশনার, ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার বোর্ডের অনুকূলে জমা দিতে হবে।

এছাড়া উক্ত সংস্থাগুলিতে তিন বৎসর বা তার বেশি সময় ধরে পড়ে থাকা শ্রমিক কর্মচারীদের প্রাপ্য অর্থ (আনপেড অ্যাকুমুলেশন) ও কর্মচারীদের থেকে আদায়কৃত জরিমানা পর্ষদের অফিসে ত্রৈমাসিক ভিত্তিতে বিধিমত জমা করতে হবে।

বিধিমত জমা না দেওয়া দণ্ডনীয় অপরাধ। অর্থদণ্ড, কারাবাস অথবা উভয়ই হতে পারে।

### স্কলারশিপ ও স্টাইপেন্ড

২) শ্রমিক পরিবারের পুত্রকন্যাদের উচ্চশিক্ষার্থে স্কলারশিপ ও স্টাইপেন্ড : উচ্চ মাধ্যমিক থেকে স্নাতকোত্তর এবং মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও পর্ষদ অনুমোদিত অন্যান্য কারিগরি শিক্ষাক্রমের ক্ষেত্রে স্কলারশিপ/স্টাইপেন্ড পাওয়ার জন্য ওয়েলফেয়ার ফান্ডে চাঁদাপ্রদানকারী কর্মীদের পুত্রকন্যাদের দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**শর্তাবলী :** (ক) পর্ষদে চাঁদাপ্রদানকারী যে সব কর্মীর বার্ষিক আয় অনধিক এক লক্ষ কুড়ি হাজার টাকা এবং অনধিক বাহাত্তর হাজার টাকা, একমাত্র তাঁদের পুত্রকন্যাগণ যথাক্রমে স্কলারশিপ ও স্টাইপেন্ড পাওয়ার যোগ্য।

(খ) স্কলারশিপের জন্য মাধ্যমিকে কমপক্ষে ৬৫% এবং উচ্চতর পরীক্ষায় ৫৫% নম্বর এবং স্টাইপেন্ডের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উত্তরবঙ্গে বসবাসকারী এবং কর্মরত পিতামাতার ক্ষেত্রে প্রাপ্ত নম্বর ৫% শিথিলযোগ্য।

আবেদনের জন্য নির্দিষ্ট নতুন ফর্ম পর্ষদের প্রধান কার্যালয়ে, আঞ্চলিক অফিস, শিলিগুড়ি অথবা যে কোন শ্রমিক মঙ্গল কেন্দ্র থেকে মার্কশিট দেখিয়ে সংগ্রহ করা যাবে। পুরাতন ফর্মে আবেদন গ্রাহ্য হবে না।

আবেদন জমা দেবার শেষ তারিখ ৩১/০১/২০১৫

অন্যান্য সূত্র থেকে স্কলারশিপ প্রাপকরা এক্ষেত্রে বিবেচিত হবেন না।

### বুক গ্র্যান্ট

পর্ষদে চাঁদাপ্রদানকারী যে সব কর্মীর বার্ষিক আয় অনধিক ৭৮০০০.০০ (আটাত্তর হাজার) টাকা তাঁদের নবম ও দশম শ্রেণীতে পাঠরত পুত্র-কন্যাদের বুক গ্র্যান্ট পাওয়ার জন্য নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে।

আবেদন জমা দেবার শেষ তারিখ ৩১/০১/২০১৫

### ল্যাব-ওয়েব কম্পিউটার প্রশিক্ষণ

চাঁদা প্রদানকারী কর্মী বা তাঁদের পুত্র-কন্যাগণ যাঁরা পর্ষদের 'ল্যাব-ওয়েব' কম্পিউটার কেন্দ্রগুলিতে প্রশিক্ষণ করেন, তাঁরা নির্দিষ্ট কোর্স-এর খরচের ৫০% পর্যন্ত ছাড় পাবার যোগ্য।

আবেদনকারীর যোগ্যতা নিরুপনের ক্ষেত্রে পর্ষদের সিদ্ধান্তই চুড়ান্ত।

### হলিডে হোম

পর্ষদের অধীনে পাঁচটি হলিডে হোম রয়েছে। দীঘা, দার্জিলিং, বকখালি, পুরী ও গ্যাংটক। পর্ষদে চাঁদাপ্রদানকারীরা নামমাত্র মুল্যে এই সমস্ত হলিডে হোমে অবকাশ যাপন করতে পারেন। অন্যান্যরাও এই সুবিধা ভিন্ন মুল্যে পেতে পারেন।

যোগাযোগ : পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ (প্রধান কার্যালয়), পি-৩, সি.আই.টি. স্কীম, ৭ এম, কাঁকুড়গাছি, কলকাতা-৭০০০৫৪ শিলিগুড়ি আঞ্চলিক কার্যালয়, দাগাপুর কমপ্লেক্স, পো-প্রধাননগর, জিলা-দার্জিলিং।

**কল্যাণ মহাধ্যক্ষ**

**বিস্তারিত বিবরণের জন্য পর্ষদের ওয়েবসাইট : www.wblwb.org**